দৈনিক ইত্তেফাক

তারিখ 28 AUG 1987 ... ...


# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# উদ্ভিদবিদ্যা বিষয়ে মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

তারিখ : ২২/৮/৮৭ইং

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ে ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষে প্রথমবারের মত উদ্ভিদবিদ্যা বিষয়ে মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি করা হইবে এবং তজ্জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। এই দরখাস্ত আগামী ২রা সেপ্টেম্বর, ১৯৮৭ইং তারিখ (বুধবার) পর্যন্ত গ্রহণ করা হইবে। নির্ধারিত ফরমের দরখাস্ত সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তরে ২৫/- (পঁচিশ) টাকা নগদ জমা করিয়া এবং ভর্তির শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় দলিলপত্রাদি প্রদর্শন করিয়া অফিস চলাকালীন সময়ের মধ্যে উক্ত দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

## ভর্তির শিক্ষাগত যোগ্যতা :

১। যে সকল ছাত্র/ছাত্রী উদ্ভিদবিদ্যা বিষয় লইয়া বি,এসসি (পাস) পরীক্ষা পাস করিয়াছেন এবং তন্মধ্যে যাহাদের মাধ্যমিক; উচ্চ মাধ্যমিক ও বি,এসসি (পাস)—এই তিনটি পরীক্ষায় কমপক্ষে ৫ (পাঁচ) পয়েন্ট আছে ও বি, এস-সি (পাস) পরীক্ষার ৩০০ নম্বরের উদ্ভিদবিদ্যা বিষয়ে কমপক্ষে ১২০ নম্বর পাইয়াছেন, তাঁহারা ভর্তি পরীক্ষায় (লিখিত ও মৌখিক) অংশগ্রহণের জন্য উক্ত নির্ধারিত দরখাস্ত পেশ করিতে পারিবেন এবং ভর্তি পরীক্ষা পাস সাপেক্ষে তাঁহাদিগকে ভর্তির নির্ধারিত সময় ও আসনের মধ্যে ভর্তি করা হইবে।

উক্ত কোর্সে সর্বমোট ১৫ (পনের) জন ছাত্র/ছাত্রী ভর্তি করা হইবে। উপজাতীয় ছাত্র/ছাত্রীকে ভর্তি করানোর জন্য তন্মধ্যে একটি আসন সংরক্ষিত রাখা হইয়াছে।

## পূর্ববর্তী পরীক্ষা পাসের মান :

(১) প্রথম বিভাগের মান হইবে তিন পয়েন্ট।

(২) দ্বিতীয় বিভাগের মান হইবে দুই পয়েন্ট।

(৩) তৃতীয় বিভাগের অথবা রেফার্ড পরীক্ষা পাসের অথবা বি, এস সি অনার্স ফাইন্যাল পরীক্ষায় বি, এস-সি (পাস) ডিগ্রীপ্রাপ্তদের মান হইবে এক পয়েন্ট।

২। উদ্ভিদবিদ্যা বিষয়ে বি, এস-সি অনার্স ফাইন্যাল পরীক্ষায় বি, এস-সি (পাস) ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ভর্তির শিক্ষাগত যোগ্যতা :

যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যেকোন বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিদ্যা বিষয়ের অনার্স ফাইন্যাল পরীক্ষায় বি, এস-সি (পাস) ডিগ্রী পাইয়াছেন, কিন্তু তাঁহারা উক্ত অনার্স পরীক্ষা পাসের "মান উন্নয়নের" জন্য গত ১৯৮৫ সালের অনার্স ফাইন্যাল পরীক্ষায় অংশগ্রহণ করেন নাই বা যাঁহারা ইতিপূর্বে উক্ত অনার্স পরীক্ষা পাসের "মান উন্নয়ন" করেন নাই, তাঁহাদের মধ্যে যাঁহাদের ভর্তির উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার ৫ (পাঁচ) পয়েন্ট আছে এবং যাঁহারা উক্ত প্রিলিমিনারী কোর্সে ভর্তি হইতে ইচ্ছুক তাঁহারা যদি ভর্তি পরীক্ষা পাস করিতে পারেন, তবে তাঁহাদিগকে ভর্তির নির্ধারিত আসন ও সময়ের মধ্যে ভর্তি করা হইবে। তবে তাঁহাদের ভর্তির বেলায় ভর্তি ইচ্ছুক বিষয়ে যে শতকরা ৪০ নম্বর পাওয়ার শর্ত আছে, সেই শর্ত প্রযোজ্য হইবে না।

৩। উপজাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির সংরক্ষিত আসনে ভর্তির শিক্ষাগত যোগ্যতা :

যে সকল উপজাতীয় ছাত্র/ছাত্রী তাঁহাদের ভর্তির সংরক্ষিত আসনে ভর্তি হইতে ইচ্ছুক তাঁহাদের যদি ভর্তির জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার উক্ত ৫(পাঁচ) পয়েন্ট এবং ভর্তি ইচ্ছুক বিষয়ে ভর্তির প্রয়োজনীয় শতকরা ৪০ নম্বর না থাকিলেও তাঁহারা যদি বি, এস-সি (পাস) পরীক্ষা উদ্ভিদবিদ্যা বিষয় লইয়া পাস করেন, তবে তাঁহাদিগকেও ভর্তি পরীক্ষা পাস সাপেক্ষে উক্ত একটি সংরক্ষিত আসনে নির্ধারিত সময়ের মধ্যে বিশেষ বিবেচনাধীনে ভর্তি করা হইবে।

উপজাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির সংরক্ষিত আসনে উপজাতীয় সম্প্রদায়ের ছাত্র/ছাত্রী ছাড়া উপজাতীয় অঞ্চলে বসবাসকারী অন্য কোন সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীকে ভর্তি করা হইবে না।

## ভর্তি সম্পর্কিত সময়সূচী

১। ভর্তি শুরু করিবার তারিখ ১২/৯/৮৭ইং

২। ক্লাস শুরু করিবার তারিখ ১৭/৯/৮৭ইং

৩। বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী বিষয় পরিবর্তনের দরখাস্ত ৫০/- টাকা বিষয় পরিবর্তন ফিসের ব্যাংক ড্রাফটসহ জমা দেওয়ার সময় : ২৫/১০/৮৭ ইং হইতে ৮/১১/৮৭ ইং-এর মধ্যে।

## বিশেষ দ্রষ্টব্য :

সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তর হইতে ভর্তি প্রার্থীকে নিজ দায়িত্বে ভর্তির পরীক্ষার তারিখ, সময় ও স্থান এবং কোন্ তারিখ ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের নামের তালিকা প্রকাশ করা হইবে, [illegible] তারিখের [illegible] ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীরা মূল ভর্তি ফরম সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করিতে হইবে, কোন তারিখের মধ্যে সংগৃহীত মূল ভর্তি ফরম পূরণ করিয়া ভর্তির প্রয়োজনীয় সমস্ত দলিলপত্রাদির প্রত্যায়িত কপিসমূহসহ সংশ্লিষ্ট বিভাগীয় সভা-
012 পতির দপ্তরে জমা দিতে হইতে হইবে ও কোন্ তারিখের মধ্যে ভর্তি ফিস জমা দিতে হইবে ইত্যাদি বিষয়সমূহ জানিয়া লইতে হইবে। এই সমস্ত ব্যাপারে কাহাকেও চিঠির মাধ্যমে কোন কিছু জানানো হইবে না।

মূল ভর্তি ফরমের সংগে যেই সমস্ত মূল দলিলপত্রাদির ফটোকপিসমূহ গেজেটেড অফিসার দ্বারা প্রত্যায়িত করিয়া জমা দিতে হইবে, তাহার বিবরণ :

১। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট অথবা নম্বর ফর্দ এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র।

২। বি.এসসি. (পাস) পরীক্ষা পাসের বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দ ও কলেজ অধ্যক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র।

৩। বি,এসসি (অনার্স) পরীক্ষায় বি,এসসি (পাস) ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীকে উল্লিখিত ১ নং-এ বর্ণিত দলিলপত্র ছাড়াও বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত বি,এসসি পরীক্ষা পাসের নম্বর ফর্দ ছাড়াও সাবসিডিয়ারী বিষয়সমূহ পাসের বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দও জমা দিতে হইবে। ইহাছাড়াও তাঁহাকে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির/কলেজ অধ্যক্ষের নিকট হইতে প্রশংসাপত্র জমা দিতে হইবে।

৪। অন্য বিশ্ববিদ্যালয় হইতে যাঁহারা বি,এসসি পরীক্ষা পাস করিয়াছেন তাঁহাদিগকে ভর্তি ফিস জমা দেওয়ার পূর্বে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের মূল মাইগ্রেশন সার্টিফিকেট ভর্তি ফরমের সংগে সংযোজন করিয়া দিতে হইবে।

৫। ভর্তি প্রার্থীর সাম্প্রতিক তোলা ২ (দুই) কপি ফটো প্রত্যায়িত করিয়া এবং তথায় ভর্তি প্রার্থী কর্তৃক স্বাক্ষর করিয়া মূল ভর্তি ফরমের সংগে জমা দিতে হইবে।

## বিশেষ দ্রষ্টব্য :

১। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফিস জমা দেওয়ার ছাড়পত্র প্রদানের জন্য ভর্তির প্রয়োজনীয় সমস্ত মূল দলিলপত্রাদি যাচাই করিবার জন্য নির্ধারিত সময়ের মধ্যে একাডেমিক শাখায় জমা দিতে হইবে। অন্যথায় ভর্তি ফিস জমা দেওয়ার অনুমতি প্রদান করা হইবে না এবং ভর্তিও করা হইবে না।

২। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফিস জমাদানের ছাড়পত্র প্রদানের জন্য ভর্তির প্রয়োজনীয় সমস্ত দলিলপত্রাদির মধ্যে যে কোন একটি মূল দলিলপত্র একাডেমিক শাখায় নির্ধারিত সময়ের মধ্যে জমা করিতে না পারিলে, তাঁহাকে ভর্তি ফিস জমাদানের অনুমতি প্রদান করা হইবে না।

৩। সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড বা বিশ্ববিদ্যালয় ছাড়া স্কুল বা কলেজ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দের মাধ্যমে কাহাকেও ভর্তি করা হইবে না।

## ভর্তি সম্পর্কিত বিশেষ নিয়মাবলী :

১। ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদিগকে বিভাগীয় সভাপতি কর্তৃক প্রদত্ত নির্ধারিত সময়ের মধ্যে মূল ভর্তি ফরম সংগ্রহ করিতে হইবে। অন্যথায় তাঁহার ভর্তির নির্বাচন সরাসরি বাতিল হইয়া যাইবে এবং তাঁহার স্থলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ অন্য ছাত্র/ছাত্রীকে ভর্তির সুযোগ প্রদান করা হইবে।

২। বিভাগীয় সভাপতির দপ্তর হইতে সংগৃহীত মূল ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করিয়া ভর্তির প্রয়োজনীয় সমস্ত দলিলপত্রাদির ফটোকপিসমূহ গেজেটেড অফিসার দ্বারা প্রত্যায়িতকরতঃ ইহার সহিত সংযোজন করিয়া বিভাগীয় সভাপতি কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে বিভাগীয় সভাপতির দপ্তরে জমা দিতে হইবে। অন্যথায় তাঁহার ভর্তির নির্বাচন সরাসরি বাতিল হইয়া যাইবে এবং তাঁহার স্থলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ অন্য ছাত্র/ছাত্রীকে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

৩। ভর্তি ফরমের উপর বিভাগীয় সভাপতি কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে ভর্তি ফিস জমা না করিলে, ভর্তির নির্বাচন সরাসরি বাতিল হইয়া যাইবে এবং তাঁহার স্থলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ অন্য ছাত্র/ছাত্রীকে ভর্তির সুযোগ দেওয়া হইবে।

৪। যেহেতু ভর্তির আসন ও সময় সীমিত, সেইহেতু যেই সকল ছাত্র/ছাত্রী ভর্তির সমস্ত আনুষঙ্গিকতা আগে সম্পন্ন করিবেন, তাঁহাদিগকে আগে ভর্তি করা হইবে।

৫। যেই সকল ছাত্র/ছাত্রী ১৯৮৬ সালের বি, এসসি (পাস) পরীক্ষায় "রেফার্ড" পাইয়াছেন, তাঁহাদিগকে উক্ত কোর্সে সাময়িকভাবেও ভর্তি করা হইবে না।

৬। ভর্তি সম্পর্কিত যাবতীয় বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির নিকট হইতে সংগ্রহ করিতে হইবে।

রেজিষ্ট্রার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স—২৩৫০